27

দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 JAN 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ৩২শ' আসনের জন্য ৩২ হাজার আবেদনপত্র জমা পড়েছে

স্টাফ রিপোর্টার, রাজশাহী, ২৬ জানুয়ারি।-রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্স শ্রেণীর (শিক্ষাবর্ষ ১৯৯৩-৯৪) তিন হাজার দু'শ ২৫টি আসনে ভর্তির জন্য ৩২ হাজার ৬৩টি আবেদনপত্র জমা পড়েছে। প্রতিটি আসনের জন্য গড়ে দশটি আবেদনপত্র জমা পড়েছে। একই ছাত্রছাত্রী একাধিক আবেদনপত্র জমা দিয়েছে। ৫ জানুয়ারি হতে ২৩ জানুয়ারি পর্যন্ত আবেদনপত্র বিতরণ করা ও জমা নেয়া হয়। ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে তিন হাজার ১ শ' ৫০টি আসনের জন্য ২৯ হাজার ৯ শ' ৩৬টি আবেদনপত্র জমা পড়ে। এবারই প্রথম কম্পিউটার সাইন্স বিভাগে ১৫ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

চলতি শিক্ষাবর্ষে আসন অনুপাতে আইন অনুষদে বেশি আবেদনপত্র জমা পড়েছে। অনুষদের একমাত্র আইন বিভাগের এক শ' আসনের জন্য ৪ হাজার ৭৪টি। আসনপ্রতি ৪০টিরও অধিক। গতবার এই বিভাগে তিন হাজার সাত শ' ৩০টি আবেদনপত্র জমা পড়ে ছিল। এবার কলা অনুষদের সাতটি বিভাগের নয় শ' ১৫ আসনের জন্য ছয় হাজার ছয় শ' ৪৮ টি, সামাজিক বিজ্ঞান অনুষদের সাতটি বিভাগের ছয় শ' ৩০টি আসনের জন্য আট হাজার দুই শ' ৮৫টি, বিজ্ঞান অনুষদের নয়টি বিভাগের ছয় শ' ৪৫ টি আসনের জন্য পাঁচ হাজার ছয় শ' ৬৯টি, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের পাঁচটি বিভাগের তিন শ' ৬৫টি আসনের জন্য তিন হাজার পাঁচ শ' ৪৭টি এবং ব্যবসায় ও বাণিজ্য অনুষদের চারটি বিভাগের পাঁচ শ' আসনের জন্য তিন হাজার আট শ' ৪০টি আবেদনপত্র জমা পড়েছে। ২৬ ফেব্রুয়ারি হতে ৩ মার্চ পর্যন্ত ভর্তি পরীক্ষা হবে।

## সায়েদাবাদ বাস টার্মিনালে সন্ত্রাসীদের হামলা

স্টাফ রিপোর্টার। সায়েদাবাদ বাস টার্মিনালে স্থানীয় জনগণের সঙ্গে চিহ্নিত একটি গ্রুপের সংঘর্ষ হয়েছে। এতে সন্ত্রাসীরা কয়েক রাউন্ড গুলিবর্ষণ করে। মঙ্গলবার সন্ধ্যা ছয়টায় টার্মিনালের একজন বাস সুপারভাইজার মালিক সমিতির অফিসে বসে ছিল। এ সময় সন্ত্রাসীরা হঠাৎ করে এসে তার
সমিতির অফিসেই
করে।এক পর্যায়ে
করলে লোক
সন্ত্রাসীদের
এলোপাতাড়ি
জানাগেছে।
যোগাযোগ ক
কিছু জানে না